গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
দুর্যোগব্যবস্থাপনাঅধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারকনং-৫১.০১.০০০০.০০৩.১৮.৬০১.১২. ৮৮৮

তারিখঃ ১৭.১০.২০২১ খ্রি.

অফিস আদেশ
বিভাগীয় মামলা নং-০৮/২০২১

**যেহেতু,** জনাব এস এম এ করিম, প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি), লোহাগড়া,নড়াইল (বর্তমানে হরিপুর, ঠাকুরগাঁও) এর বিরুদ্ধে অভিযোগ তিনি নড়াইল জেলার লোহাগড়া উপজেলায় কর্মরত থাকাকালীন অফিসের নথিপত্র সচিবালয় নির্দেশমালার নির্দেশনা অনুসারে শ্রেণিবিন্যাস না করেই এবং তাঁর যথাযথ উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীতেই কোন তালিকা সংরক্ষণ না করেই অফিসের (লোহাগড়া পিআইও দপ্তরের) গুরুত্বপূর্ণ নথি ও কাগজপত্র পুড়িয়ে ফেলেন;

**যেহেতু,** উল্লেখিত অভিযোগের কারণে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা/২০১৮ এর ০৩ এর (ঙ) ধারায় অভিযোগনামা গঠন করে অধিদপ্তর হতে গত ১৩.০৪.২০২১ তারিখে ৫১.০১.০০০০.০০৩.১৮.৬০১.১২.৩৬৩ নং স্মারকে অভিযোগ বিবরণীসহ তাঁর বরাবরে প্রেরণ করা হয়। তিনি গত ২৭.০৪.২০২১ তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন। অভিযোগের বিষয়ে আরও তথ্য অনুসন্ধানের জন্য এ অধিদপ্তরের পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) জনাব এস এম এনামুল কবির (যুগ্মসচিব)কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করে গত ১৫.০৯.২০২১ তারিখে ৫১.০১.০০০০.০৯.০৩৫.১৬.০০৫.২০.৩৪৯ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

**যেহেতু,** তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে,অভিযুক্ত কর্মকর্তা জনাব এস এম এ করিম নড়াইল জেলার লোহাগড়া উপজেলায় কর্মরত থাকাকালীন দরপত্রের সিডিউল বিক্রয় সংক্রান্ত নথিপত্র পুড়িয়েছেন তা সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে। এ কারনে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(ঙ) ধারায় দোষী সাব্যস্থ করে একই বিধিমালার ৪(২) এর (খ) ধারা মতে লঘুদন্ড হিসেবে তিনটি বার্ষিক বর্ধিত বেতন তিন বছরের জন্য স্থগিত করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৮/২০২১ নং বিভাগীয় মামলাটি নিস্পত্তির আদেশ দেয়া হয়েছে।

**সেহেতু,** জনাব এস এম এ করিম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (২য় শ্রেণি), হরিপুর, ঠাকুরগাঁও (প্রাক্তন লোহাগড়া,নড়াইল) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ০৩ এর (ঙ) ধারায় দোষী সাব্যস্ত করে লঘু দন্ড হিসেবে একই বিধির ৪ এর ২ এর (খ) ধারামতে তিনটি বার্ষিক বর্ধিত বেতন তিন বছরের জন্য স্থগিত করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৮/২০২১ নং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো এ আদেশ ১৫.০৯.২০২১ তারিখ হতে কার্যকর হবে।

১৭.১০.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০

১৭/১০/২০২১

D:\DDM_Admin_1\mahatab\mahatab part\mamla Order.doc

Scanned with CamScanner

স্মারক নং- ৫১.০১.০০০০. ০০৩.১৮.৬০১.১২.৮৮৮ তারিখঃ ১৭.১০.২০২১খ্রি.।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলাপ্রশাসক, নড়াইল/ঠাকুরগাঁও।
০৪। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড,ঢাকা।
০৬। প্রোগ্রামার , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, লোহাগড়া,নড়াইল / হরিপুর,ঠাকুরগাঁও।
০৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নড়াইল/ঠাকুরগাঁও।
০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নড়াইল/ঠাকুরগাঁও।
১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, লোহাগড়া,নড়াইল / হরিপুর,ঠাকুরগাঁও।
১১। জনাব এস এম এ করিম,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও(প্রাক্তন লোহাগড়া,নড়াইল)।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

১৭.১০.২০২২

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০

১৭/১০/২০২২

Scanned with CamScanner